দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃঃ ৭ কলাম ৬



*ইনকিলাব ঃ গতকাল মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আলিম-ফাজিল-কামিল পরীক্ষায় ঢাকা আলিয়া মাদ্রাসার কেন্দ্রে পরীক্ষার্থীরা পরীক্ষায় অংশ নেয়*

### আলিম ফাজিল কামিল পরীক্ষা শুরু ঃ এইচএসসি পরীক্ষা চলছে

# সাড়ে চারশ' মাদ্রাসার ১৭ হাজার পরীক্ষার্থী বিশেষ ব্যবস্থায় পরীক্ষা দিয়েছে

**স্টাফ রিপোর্টার ঃ** অবশেষে মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রায় সাড়ে ৪শ' মাদ্রাসার ১৭ হাজারের বেশী পরীক্ষার্থী অঙ্গীকারনামা স্বাক্ষর করার মাধ্যমে গতকাল মাদ্রাসা বোর্ডের অধীনে আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় অংশ নিয়েছে বলে মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ জানিয়েছে।

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## বিশেষ ব্যবস্থায় পরীক্ষা

**প্রথম পৃষ্ঠার পর**

মাদ্রাসা বোর্ডের কন্ট্রোলার জনাব মতিউর রহমান জানান, গত সোমবার রাতের মধ্যে বিশেষ রোল নম্বর দিয়ে ১৭ হাজারের মত এডমিট কার্ড ইস্যু করা হয়েছে। বোর্ড সূত্রে বলা হয়েছে, যেসব শিক্ষা প্রতিষ্ঠান ৫০ টাকার রেভিনিউ স্ট্যাম্পে "অনিয়মের মাধ্যমে পরীক্ষায় অংশ নেয়া হলে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে না এবং এ বিষয়ে আইনের আশ্রয় নেয়া হবে না", এ মর্মে অঙ্গীকারনামা দিয়েছে সেসব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের বিশেষ নম্বরের প্রবেশপত্র দিয়ে তাদের পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ দেয়া হয়েছে। সূত্র মতে, এ ব্যবস্থার মাধ্যমে তাৎক্ষণিকভাবে মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ একটি বিপর্যয় এড়াতে সক্ষম হয়েছে।

উল্লেখ্য, গতকাল বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২৭৯টি কেন্দ্রে আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের তথ্যকেন্দ্র থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৯৮টি কেন্দ্র থেকে নকলের দায়ে ৯শ' ৭৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নকল সরবরাহের অভিযোগে পাবনা জেলার চাটমোহর কেন্দ্রসহ দু'টি কেন্দ্র থেকে চারজন মাদ্রাসা শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। বাউফলের একটি মাদ্রাসার কিছু ছাত্র প্রবেশপত্র না পাওয়ায় মাদ্রাসা প্রিন্সিপালকে মারধর করে আহত করেছে।

কুমিল্লা সংবাদদাতা জানান, কুমিল্লা জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ২০২ জন মাদ্রাসা ছাত্রকে বহিষ্কার করা হয়েছে।

অপরদিকে দেশের ৭টি শিক্ষা বোর্ডের অধীনে গতকাল সকাল-বিকেল দু'বেলা পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সকালে অর্থনীতি, বাণিজ্যনীতি প্রথম পত্র, ব্যবসায়িক নীতি প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বিকেলের পরীক্ষা ছিল পদার্থ বিদ্যা, উচ্চতর বাংলা, বাংলা ভাষা ও সাহিত্য, ইংরেজী উচ্চতর প্রথম পত্র, ইংরেজী ভাষা ও সাহিত্য প্রথম পত্র অনুষ্ঠিত হয়েছে। রাত ৮টায় এ রিপোর্ট লিখা পর্যন্ত শিক্ষা বোর্ডসমূহ এবং মন্ত্রণালয়ের তথ্য কেন্দ্রসমূহ থেকে বলা হয়েছে, দু'বেলা ৫/৬টি বিষয়ে পরীক্ষা হওয়ায় বহিষ্কারের তথ্য পাওয়া যায়নি।

আমাদের কুমিল্লা সংবাদদাতা জানান, ব্রাহ্মণপাড়া কলেজ কেন্দ্রের বহিষ্কৃত ছাত্ররা নির্বাহী কর্মকর্তার গাড়ী এবং তার সরকারী বাড়ী ভাঙচুর করে।